**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 15-07-2025** | **Desk in Charge : SDG**
**Time: 7.50 PM** | **Editor : NBR**
**DEO : KB** | **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ১৮ দিনের ঐতিহাসিক সফর শেষে এক্সিওম-ফোর অভিযানে ভারতীয় নভশ্চর শুভাংশু শুক্লা সহ চারজন সদস্য আজ পৃথিবীতে ফিরে এসেছেন।

# রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং রাজ্যের মুখ্যমন্ত্রী, সকলকে অভিনন্দন জানিয়েছেন।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী শুক্রবার একদিনের সফরে এরাজ্যে আসছেন।

৩/ ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর ও পুরুলিয়ায় ৩০ টি উপস্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

৪/ আগাম না জানিয়ে DVC, জল ছাড়ায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে বলে রাজ্য সরকার অভিযোগ করেছে।

৫/ গাঙ্গেয় পশ্চিমবঙ্গে সৃষ্ট নিম্নচাপ ক্রমশ শক্তি হারিয়ে পূর্ব উত্তরপ্রদেশের দিকে অগ্রসর হচ্ছে।

৬/ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগে ইস্টবেঙ্গল পাঠচক্রের কাছে এক/শূণ্য গোলে পরাজিত হয়েছে।

*******************************************************************************

১৮ দিনের ঐতিহাসিক সফর শেষে এক্সিওম-ফোর অভিযানের ভারতীয় নভোশ্চর শুভাংশু শুক্লা এবং অন্য তিন crew সদস্য আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্র থেকে আজ পৃথিবীর বুকে সফল অবতরণ করেছেন। স্পেস -এক্স ড্রাগন মহাকাশযান আজ বিকেলে

ক্যালিফোর্নিয়ার সান-দিয়েগো উপকূলের কাছে প্রশান্ত মহাসাগরে নেমে আসে। রাতের মহাসাগরে স্প্ল্যাশ-ডাউনের পর একে একে বেরিয়ে আসেন শুভাংশু সহ অন্য মহাকাশচারীরা।

উল্লেখ্য, গত মাসের ২৫ তারিখ এই এক্সিওম-ফোর মহাকাশ অভিযানের সূচনা হয়েছিল। ISS-এ থাকাকালীন গ্রুপ ক্যাপ্তেন শুক্লা, ভারতের সাতটি সুনির্দিষ্ট মাইক্রো গ্রাভিটি সংক্রান্ত গবেষণা করেছেন। দীর্ঘসময় মহাকাশে বসবাস এবং ভবিষ্যতে অন্যান্য গ্রহে অভিযানের ক্ষেত্রে তাঁর গবেষণা লব্ধ তথ্য সহায়ক হবে।

'আকাশগঙ্গা' হিসেবে পরিচিত এই অভিযান মার্কিন মহাকাশ সংস্থা নাসা, এক্সিওম স্পেস এবং ভারতীয় মহাকাশ গবেষণা সংগঠন ইসরোর এক যৌথ প্রচেষ্টা।

*********************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, মহাকাশ সফর শেষে পৃথিবীতে ফিরে আসায় শুভাংশু শুক্লাকে স্বাগত জানিয়েছেন। তিনি বলেছেন, আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে অ্যাক্সিওম মিশন ফোর-এর পাইলট হিসেবে গ্রুপ ক্যাপ্টেন শুক্লার ভূমিকা ভারতের মহাকাশ অনুসন্ধানের পাশাপাশি বিজ্ঞান ও প্রযুক্তিতে আন্তর্জাতিক সহযোগিতার জন্য নতুন এক অধ্যায় রচনা করেছে।

মহাকাশচারী শুভাংশু শুক্লার নিরাপদে প্রত্যাবর্তনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উচ্ছ্বাস ব্যক্ত করেছেন। শ্রী মোদী জানান, গ্রুপ ক্যাপ্টেন শুক্লাকে পৃথিবীতে ফিরে আসার জন্য গোটা দেশের সঙ্গে তিনিও স্বাগত জানাচ্ছেন। ভারতের মানব মহাকাশ মিশন 'গগনযান'-এর বাস্তবায়নের দিকে এই অভিযান অন্যতম মাইলফলক হয়ে থাকবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গ্রুপ ক্যাপ্টেন শুক্লাকে স্বাগত জানিয়ে বলেছেন, তাঁর এই সাফল্যে দেশবাসী গর্বিত।

শুভাংশু ও তাঁর সহযোগীদের সফল প্রত্যাবর্তনের পর মহাকাশ বিজ্ঞানী সব্যসাচী পাল আকাশবাণীকে জানিয়েছেন, এই অভিযান ভবিষ্যতে ভারতের বিভিন্ন গবেষণায় কাজে লাগবে।

( বাইট- বিজ্ঞানী সব্যসাচী )

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী শুক্রবার -১৮ই জুলাই একদিনের সফরে রাজ্যে আসছেন। প্রশাসনিক সূত্রে জানা গেছে, শুক্রবার দুপুর আড়াইটে নাগাদ প্রধানমন্ত্রী অন্ডাল বিমানবন্দরে পৌঁছবেন। এরপর সড়কপথে তিনি যাবেন দুর্গাপুরের নেহরু স্টেডিয়ামে। সেখানে প্রধানমন্ত্রী বিভিন্ন প্রকল্পের শিলান্যাস, উদ্বোধন এবং জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এরপর দুর্গাপুরে বিজেপির একটি জনসভায় অংশগ্রহণ করবেন তিনি। সভাস্থল থেকে বিমানবন্দরে ফিরে শ্রী মোদী সন্ধ্যাতেই দিল্লি ফিরে যাবেন। প্রধানমন্ত্রী যে প্রকল্পগুলির উদ্বোধন করবেন, সেগুলির তালিকা এখনও সরকারি ভাবে প্রকাশ করা না হলেও, শিল্প ও পরিকাঠামো সংক্রান্ত বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্প উদ্বোধনের সম্ভাবনা রয়েছে বলে জানা গিয়েছে।

*********************

দক্ষিণ দিনাজপুর জেলায় একটি অত্যাধুনিক পরিকাঠামো সমৃদ্ধ দক্ষতা প্রশিক্ষণ কেন্দ্র আজ থেকে চালু হয়েছে। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ এই প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করেন। এক্স হ্যান্ডেলে তিনি বলেন, আইআইটি মাদ্রাজের উদ্যোগে গড়ে ওঠা প্রশিক্ষণ কেন্দ্রটি আগামী দিনে জেলার ছাত্র ছাত্রীদের দক্ষতা বৃদ্ধি এবং উজ্জ্বল ভবিষ্যৎ গঠনে গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে উঠবে। শ্রী মজুমদার বলেন, শিক্ষা, সমাজের প্রকৃত চালিকাশক্তি। তাই শুধু দক্ষিণ দিনাজপুর নয়, রাজ্যের প্রতিটি প্রান্তিক অঞ্চল শিক্ষার প্রসারে তিনি আশাবাদী।

*********************

তিন আদিবাসী অধ্যুষিত জেলা—ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর ও পুরুলিয়ায় ৩০টি নতুন উপস্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। জাতীয় স্বাস্থ্য মিশনের অধীনে দুর্গম জনজাতি অঞ্চলে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে রাজ্যের আদিবাসী উন্নয়ন দফতর এই প্রকল্প রূপয়ণের কাজে হাত দিয়েছে। এজন্য মোট অনুমোদিত ব্যয় ধার্য করা হয়েছে ১২ কোটি ৭০ লক্ষ টাকা। যার মধ্যে ১০ কোটি ৮৭ লক্ষ টাকারও বেশি ইতিমধ্যেই ওয়ার্ক অর্ডার ও কাজের অগ্রগতি অনুযায়ী ছাড়া হয়েছে। এনএইচএম

২০২২-২৩ অর্থবর্ষের তহবিল থেকে অর্থ স্থানান্তর করে জনজাতি উন্নয়ন দফতরের অধীনে এই প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

উল্লেখ্য, এই প্রকল্পে ঝাড়গ্রাম ও পুরুলিয়ায় ৫টি করে এবং পশ্চিম মেদিনীপুরে ২০টি উপকেন্দ্র তৈরি হবে।

********************

বিভিন্ন রাজ্যে পশ্চিমবঙ্গের বাংলাভাষী মানুষ ও পরিযায়ী শ্রমিকদের হেনস্থার অভিযোগে পথে নামছে তৃণমূল কংগ্রেস ও সিপিআইএম এবং কংগ্রেস।

আগামীকাল বেলা ২-টো থেকে রাজ্যের সব সাংগঠনিক জেলায় প্রতিবাদ মিছিল করবে শাসক দল। মূল মিছিলটি হবে কলকাতার কলেজ স্কোয়ার থেকে ধর্মতলার ডোরিনা ক্রসিং পর্যন্ত। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় সেখানে উপস্থিত থাকতে পারেন বলে জানা গেছে।

একই অভিযোগে কংগ্রেসও জেলায় জেলায় সপ্তাহব্যাপী বিক্ষোভ কর্মসূচীর ডাক দিয়েছে।

********************

যানজট মোকাবিলায় উত্তরবঙ্গের শিলিগুড়িতে একটি ‘রিং রোড’ তৈরির কেন্দ্রীয় প্রস্তাবে দ্রুত অনুমোদন দেওয়ার জন্যে দার্জিলিং এর সাংসদ রাজু বিস্ত, রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে লেখা চিঠিতে শিলিগুড়িতে একটি রিং রোড তৈরির জন্যে ২০২৩ সালের চৌঠা নভেম্বর ও উনিশে ডিসেম্বর কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রক রাজ্য সরকারের অনুমতি চেয়ে চিঠি দিলেও তার কোন উত্তর দেওয়া হয়নি বলে উল্লেখ করা হয়েছে।
সাংসদ তাঁর চিঠির সঙ্গে রিং রোডের বর্তমান অবস্থান নিয়ে তাকে লেখা কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গডকড়ির একটি চিঠির কপিও জুড়ে দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

********************

আগাম কিছু না জানিয়ে DVC তাদের জলাধারগুলি থেকে অতিরিক্ত পরিমাণে জল ছাড়ায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে বলে রাজ্য সরকার অভিযোগ করেছে। সাম্প্রতিক বৃষ্টির পর বিভিন্ন জেলা জলমগ্ন হয়ে পড়ায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে জরুরী ভিত্তিতে মুখ্যসচিব, স্বাস্থ্যসচিব, DGP, স্বরাষ্ট্রসচিব সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিক ও সব জেলার জেলাশাসক এবং পুলিশ সুপারদের নিয়ে পর্যালোচনা বৈঠক করেন। তিনি জানান, গত ১৮ জুন থেকে DVC ২৭ হাজার লক্ষ কিউবিক মিটার জল ছেড়েছে। বন্যা পরিস্থিতি এড়াতে DVC-র জলাধারগুলিতে নাব্যতা বৃদ্ধির জন্যে এর আগে প্রধানমন্ত্রীকে চিঠি দেওয়া হয়। নীতি আয়োগের বৈঠকে বারবার বিষয়টি তোলা হলেও, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এব্যাপারে কোন পদক্ষেপ নেওয়া হয়নি বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। পলি তোলার কাজ হলে জলাধারগুলির ক্ষমতা আরও চার লক্ষ কিউবিক মিটার বৃদ্ধি পেত বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন। বর্তমান পরিস্থিতি মোকাবিলায় তিনি রাজ্য ও জেলা প্রশাসনের সঙ্গে সেচ, বিপর্যয় ব্যবস্থাপনা, কৃষি, বিদ্যুৎ-এর মত সংশ্লিষ্ট সব বিভাগকে পারস্পরিক সমন্বয়ের ভিত্তিতে কাজ করার নির্দেশ দেন।

( বাইট- মমতা )

প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ কৃষকদের ক্ষতিপূরণ দেওয়ার কাজ কিছুদিনের মধ্যেই শুরু হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। যে কোন রকম পরিস্থিতি মোকাবিলায় ব্যবস্থা নেওয়ার জন্যে তিনি উত্তরবঙ্গের জেলাশাসকদেরও প্রস্তত থাকার পরামর্শ দিয়েছেন।

********************

বাংলায় নদী ভাঙ্গন ঠেকাতে বারংবার অনুরোধ সত্বেও রাজ্য সরকার এ'ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেয়নি বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। তিনি বলেন, কেন্দ্রীয় মন্ত্রী সঙ্গে তাঁর এব্যাপারে কথা হলেও, রাজ্য সরকার বন্যা নিয়ন্ত্রণের জন্য রূপরেখা তৈরি করে কেন্দ্রকে দেয়নি। অথচ রাজ্যের তরফ থেকে জানানো হচ্ছে কেন্দ্র প্রয়োজনীয় টাকা দিচ্ছে না।

( বাইট- অধীর বন্যা )

********************

পশ্চিম মেদিনীপুরের ঘাটালের বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকলেও নদীগুলির জলস্তর ক্রমশ বাড়ছে। এই অবস্থায় স্বাভাবিকভাবেই সাধারণ মান উশের মধ্যে ভীতির সঞ্চার হয়েছে। ঘাটালের বন্যা পরিস্থিতি পর্যালোচনার জন্য জেলাশাসক খুরশিদ আলি কাদরি আজ ঘাটাল মহকুমা শাসকের কার্যালয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে নিয়ে বৈঠক করেন। জেলায় ওইসব দপ্তরের কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে । তিনি বলেন, ত্রাণ এবং উদ্ধার কাজ চলছে, জেলাতে পর্যাপ্ত ত্রাণ সামগ্রী মজুদ রয়েছে। বন্যা কবলিত এলাকা থেকে ২৪৫ জন গর্ভবতী মহিলাকে নিরাপদ আশ্রয়ে স্থানান্তর করা হয়েছে। চিকিৎসা চলছে ১১৫ জন সাপে কামড়ানো ব্যক্তির। তবে সকলেই সুস্থ রয়েছেন। যদিও, নদীগুলির জলস্তর বাড়ছে এবং আগামী তিন থেকে চার দিন বেশ গুরুত্বপূর্ণ বলে জেলাশাসক জানান।

********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গে সৃষ্ট নিম্নচাপটি বর্তমানে উত্তর ঝাড়খন্ড সংলগ্ন দক্ষিণ বিহারের কাছে সুস্পষ্ট নিম্নচাপ রূপে অবস্থান করছে। ক্রমশ এটি শক্তি হারিয়ে পূর্ব উত্তরপ্রদেশের দিকে অগ্রসর হতে থাকবে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, এর প্রভাবে আজ রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

( বাইট- সৌরিশ )

********************

উত্তর ২৪ পরগনা বসিরহাট মহকুমার হিঙ্গলগঞ্জ ব্লকের দুলদুলি গ্রাম পঞ্চায়েতের কেদারচকের শিববাড়ি ফেরিঘাটের সামনে প্রায় ৭০ ফুট রায়মঙ্গল নদীর বাঁধ বসে যাওয়ার কারণে ফেরিঘাটের এলাকার সাধারণ মানুষের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে । আশঙ্কা করা হচ্ছে দীর্ঘদিন নিম্নচাপের ফলে নদীর বাঁধ নরম হওয়াতে মাটির স্খলন শুরু হয়েছে।

********************

ব্যারাকপুর স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগের ম্যাচে ইস্টবেঙ্গল ০-১ গোলে পাঠচক্রর কাছে পরাজিত হয়েছে। খেলার ৮৭ মিনিটে ডেভিড মতলা গোল করেছেন। পাঠচক্র টানা চারটি ম্যাচ জিতে লিগ শীর্ষে রয়েছে।

*************************************************************************